# বিলের বিরোধিতা

**ডিসেম্বর ১৮, ২০১৩**

**বিষয়--বাংলাদেশের সঙ্গে জমি সংক্রান্ত সীমান্ত চুক্তি নিয়ে সংবিধান (১১৯তম) সংশোধনী বিল, ২০১৩-র বিরোধিতা**

বাংলাদেশের সঙ্গে সীমানা সংক্রান্ত চুক্তি নিয়ে রাজ্যসভায় যে সংবিধান সংশোধনী বিল আনা হচ্ছে আমি তার বিরোধিতা করে রাজ্যসভার চেয়ারম্যানকে চিঠি দিয়েছি। আমার আপত্তির প্রধান কারণ হল, ১৯৭৩-এর পর কেশবানন্দ ভারতী মামলার প্রেক্ষিতে ভারতীয় সংবিধানের মৌলিক ভিত্তি প্রকাশ পায় এবং ভারতের এলাকা পরিবর্তনের অধিকারও সংসদের আওতায় নেই। অঞ্চলের আধিপত্যই ভারতের সার্বভৌমত্বকে প্রকট করে এবং দুটোই হল সংবিধানের মূল ভিত্তি এবং তা অসংশোধনীয়। রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যানের রুলিং এবং পরিস্থিতির কারণে সভায় এবিষয়ে আমার আপত্তির কথা আমাকে বলতে দেওয়া হয়নি। তবে এ বিষয়ে ১৩ই ডিসেম্বর, ২০১৩-য় বিদেশমন্ত্রী সলমন খুরশিদের লেখা জবাব আমাকে দেওয়া হয়েছে। এই বিবৃতির সঙ্গে আমার চিঠি ও মন্ত্রীর জবাব সংযুক্ত করে দিচ্ছি।

মূলত সুপ্রিম কোর্টের কিছু রায়ের কথা উল্লেখ করে মন্ত্রী উত্তর দিয়েছেন। অঞ্চলই যে সংবিধানের মৌলিক ভিত্তির অংশ এই ইস্যুতে কোনও রায়েই উল্লেখ নেই এবং তাই এটা অপরিবর্তনীয়।

**( অরুণ জেটলি )**